

**বন্ডেড ওয়্যার হাউস
লাইসেন্সের জন্য আবেদনের
পদ্ধতি কি কি ? আবেদনের সাথে
কিকি দলিলাদি দাখিল করতে হয়
?**

দি কাস্টমস এ্যান্ট, ১৯৬৯ এর ধারা ১৩ এর উপ-ধারা (১) ও (২) মোতাবেক কমিশনার অব কাস্টমস (বড়) অথবা জাতীয় রাজস্ব বোর্ড হতে ক্ষমতা প্রাপ্ত অন্য কোন কমিশনার বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স প্রদান করতে পারেন। বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স সপ্রদান তথা দি কাস্টমস এ্যান্ট, ১৯৬৯ এর ধারা ১৩ এর উদ্দেশ্য পূরণকল্পে জাতীয় রাজস্ব বোর্ড

এসআরও নং-১৮১-আইন/২০০৮/২২০৯/শুল্ক তারিখ: ২৬/০৬/২০০৮ মাধ্যমে একটি বিধিমালা জারী করেন যা বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ নামে অভিহিত। উক্ত বিধিমালার বিধি ৫ অনুযায়ী আবেদনকারীকে বিধিমালার পরিশিষ্ট-১ এর নির্ধারিত ফরমে যথাযথ মূল্যমানের কোর্ট ফিসহ আবেদন করতে হবে এবং আবেদনের সাথে পরিশিষ্ট-২-এ উল্লেখিত দলিলাদিসমূহ লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়ন করে দাখিল করতে হবে। পরিশিষ্ট-২ অনুযায়ী দালিখযোগ্য দলিলাদিসমূহ নিম্নরূপ : -

১. যথাযথ মূল্যমানের কোর্ট ফিসহ নির্ধারিত ডাটাবেইজ ফরমে আবেদন;
২. BOL/BSCIC –এর রেজিস্ট্রেশন সনদপত্র;
৩. কোম্পানীর টিআইএন সনদ আয়কর বিভাগ কর্তৃক ইস্যুকৃত;
৪. হালনাগাদ ট্রেড লাইসেন্স;
৫. হালনাগাদ ফায়ার লাইসেন্স;
৬. মূল্য সংযোজন কর সনদপত্র;
৭. সংশ্লিষ্ট এসোসিয়েশনের সুপারিশপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)। সংশ্লিষ্ট এসোসিয়েশনের সদস্য নন এমন ব্যবসায়ীগণ এসোসিয়েশনের সুপারিশপত্র ছাড়াই সরাসরি বড় লাইসেন্সের জন্য আবেদন করিতে পরিবেন;
৮. প্রতিষ্ঠানের মালিক/পরিচালকদের নাম, পদবী, বর্তমান ও স্থায়ী ঠিকানা, স্বাক্ষর এবং ছবি নোটারী পাবলিক ও লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়নপূর্বক ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে দাখিল;
৯. বয়লার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে);
১০. জয়েন্ট স্টক কোম্পানীর মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশন এবং সার্টিফিকেট অব ইনকরপোরেশন এর একটি করে মূল বই (প্রযোজ্য ক্ষেত্রে);
১১. মেশিনারী আমদানির ক্ষেত্রে Invoice ও বি/ই এবং স্থানীয় ক্রয়ের ক্ষেত্রে ক্রয় সংক্রান্ত দলিলাদির সত্যায়িত ফটোকপি;
১২. প্রস্তাবিত বন্ডেড ওয়্যার হাউসের ২ (দুই) কপি নীল নকশা যা এ্যামোনিয়া প্রিন্ট পেপারে প্রস্তুতকৃত ও সার্টিফাইড ইঞ্জিনিয়ার কর্তৃক প্রতিস্বাক্ষরিত;
১৩. কারখানার মালিকানা দলিল কিংবা ভাড়ার ক্ষেত্রে নোটারীকৃত চুক্তিপত্র;
১৪. ব্যবসা পরিচালনাকালে দেশে প্রচলিত সংশ্লিষ্ট সকল আইন ও বিধি-বিধান মেনে চলার অঙ্গীকারসহ ১৫০/- (এক শত পঞ্চাশ) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে হলকফলামা;
১৫. আবেদনকারীর জেনারেল বড় সম্পাদনের মতো আর্থিক স্বচ্ছতা রয়েছে মর্মে লিয়েন ব্যাংকের প্রত্যয়ন পত্র।